

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
- ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ৩। বাজার দরের কপি।
- ৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। প্রাক্কলন।

বিষয়ঃ Supply and installation of breathing air apparatus (air compressor) for SOC division কাজ প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং - ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস.ও.সি বিভাগ ঢাকা ওয়াসা 'র একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ৯০৬ টি কম্পাউন্ডে ১৩৩১ টি পানির পাম্প রয়েছে। এইসব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবাণুমুক্ত করা হয়। এজন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার এস.ও.সি বিভাগের আওতায় প্রায় ৫৮২ টি পাম্পে ক্লোরিনেশন সিস্টেম রয়েছে। বিদ্যমান গ্যাস ক্লোরিন সিস্টেমে লিকেজ দেখা দিলে বিভাগীয় জনবল দ্বারা মেরামত ও রক্ষণাবেক্ষণ সাপেক্ষে সচল রাখা হয়। উক্ত লিকেজ মেরামত কালীন সময়ে ক্লোরিন সিস্টেমের জনবলদের জীবন রক্ষাকারী উপকরণ হিসাবে air cylinder ব্যবহারের প্রয়োজন হয়। এ সকল air cylinder জরুরী ভিত্তিতে রিফিল করার প্রয়োজন হয়। কিন্তু এস ও সি বিভাগে কোন air compressor না থাকায় air cylinder গুলো রিফিল করার জন্য বিভিন্ন ঠিকাদারি প্রতিষ্ঠানের শরণাপন্ন হতে হয়। যা সময় সাপেক্ষ এবং ব্যয়বহুল। ফলে ক্লোরিন গ্যাস লিকেজ মেরামত কাজ প্রায়োসই বাধার সম্মুখীন হয়। এতে প্রাণহানির সম্ভাবনা থাকে। তাই বিদ্যমান ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেমে রুটিন মাসিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য air compressor এর প্রয়োজন। সেই প্রেক্ষিতে প্রচলিত বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৪ ও ৫)। যাহাতে টাকার পরিমাণ টাঃ ১৪৯০০০০.০০ (টাকা চৌদ্দ লক্ষ নব্বই হাজার)মাত্র।

০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “খুচরা যন্ত্রাংশ ক্রয়” কোড নং-০১-০৪-০২৪ খাত হতে বাজেট ভুক্তি সাপেক্ষে নির্বাহ করা হবে যা ২০২৫-২০২৬ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার SL No. 50 এবং Package No: GSP-9 এ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-৯)। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসার DOFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার আওতাধীন এস ও সি বিভাগের বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে Supply and installation of breathing air apparatus (air compressor) for SOC division কাজটির জন্য উপস্থাপিত সর্বমোট টাকা ১৪৯০০০০.০০ (টাকা চৌদ্দ লক্ষ নব্বই হাজার) মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2008 এর ধারা ৮০(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় Limited Tendering Method (LTM) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হল।

০৩.০৩.২৬

মোঃ সেলিম রেজা
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

A/E

Rubel
০৩.০৩.২৬

রুখছানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৩.০৩.২৬

সাদিক হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৩/০৩/২৬
SE (smre)
মাসুদ হুমায়ুন কবীর
উপ-সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

৬৫, ৬৫৫৮৮৮

০৪। যন্ত্রাংশ অনুমোদিত।

০৪/০৩/২৬

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।